## স্নাতক পাঠক্রম

**( বি. ডি. পি. )**

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২**

*সহায়ক পাঠক্রম*

**( *সাবসিডিয়ারি* - ২ )**

# অর্থনীতি ( পঞ্চম পত্র )

**সময় ঃ তিন ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৭০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) বিভিন্ন দেশের মধ্যে দুটি দ্রব্যের দামের অনুপাতে পার্থক্য হয় কেন তা আলোচনা করুন। উৎপাদন উপকরণের আধিক্যের দাম-ভিত্তিক সংজ্ঞার সাহায্যে হেকশ্চার-ওলীন তত্ত্বের প্রমাণসাপেক্ষ আলোচনা করুন। রিকার্ডোর তত্ত্ব এবং হেকশ্চার-ওলীন-স্যামুয়েলসন তত্ত্ব কতটা ভিন্ন তা বর্ণনা করুন। ৬ + ৬ + ৮

(খ) মুদ্রার অবমূল্যায়ন রপ্তানি ও আমদানিকে কিভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা করুন। স্থিতিস্থাপকতার দৃষ্টিকোণ থেকে এবং পরিশোষণের দৃষ্টিকোণ থেকে অবমূল্যায়নকে আলোচনা করুন। ৮ + ১২



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) যেসব সদস্য রাষ্ট্রের লেনদেন ব্যালেন্স-এ ঘাটতি আছে তাদের আন্তর্জাতিক অর্থভাণ্ডার কিভাবে সাহায্য করে থাকে ? কাঠামোগত সামঞ্জস্যবিধানের জন্য আন্তর্জাতিক অর্থভাণ্ডার যে ঋণ দিয়ে থাকে তার শর্তাবলী কী কী ? বিভিন্ন দেশের বৈদেশিক মুদ্রার বিনিময় ব্যবস্থা কীরূপ হয় তা আলোচনা করুন। ৮ + ৬ + ৬

(ঘ) প্রত্যক্ষ কর বলতে কী বোঝায় ? করের ভিত্তি কোন্ কোন্ বিষয়ের উপর নির্ধারিত হয় আলোচনা করুন। সঞ্চয়ের উপর আয়করের প্রভাব আলোচনা করুন। প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের তুলনামূলক আলোচনা করুন। ২ + ৬ + ৬ + ৬

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) সামাজিক নিরপেক্ষ রেখার চরিত্র এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। আন্তর্জাতিক বাণিজ্য থেকে উদ্ভূত লাভের প্রকৃতি আলোচনা করুন। ৬ + ৬

(খ) মূলধনী খাতে লেনদেনের হিসাব বৈদেশিক বাণিজ্যের ভারসাম্য আনার জন্য কী ভূমিকা গ্রহণ করে ?

(গ) বিনিময় হার কাকে বলে ? বৈদেশিক মুদ্রার চাহিদা কী কী বিষয়ের উপর নির্ভর করে ? ৪ + ৮

(ঘ) লেনদেন ভারসাম্যহীনতা দূর করার বিভিন্ন পদ্ধতিগুলি আলোচনা করুন।

(ঙ) ব্যয় হ্রাস নীতি এবং ব্যয় অপসারণ নীতির সম্পর্কে তুলনামূলক আলোচনা করুন।

(চ) কী কী উদ্দেশ্যে সরকারকে ব্যয় করতে হতে পারে ? সরকারি ব্যয়ের ক্ষেত্রে কী নীতি অনুসরণ করা হবে ? ৪ + ৮

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ

৬ × ৪ = ২৪

(ক) একটি দেশ যদি উভয় দ্রব্যই অপর দেশ অপেক্ষা কম ব্যয়ে উৎপাদন করতে পারে তাহলে কি দেশ দুটির মধ্যে আন্তর্জাতিক বাণিজ্য অনুষ্ঠিত হবে ? রিকার্ডোর তুলনামূলক ব্যয় পার্থক্যের তত্ত্ব অনুসরণ করে আলোচনা করুন।

(খ) দুটি দেশের মধ্যে তুলনামূলক ব্যয় পার্থক্য কেন দেখা দেয় তা হেকশ্চার-ওলীন তত্ত্ব অনুসরণ করে ব্যাখ্যা করুন।

(গ) আমদানি শুল্ক কাকে বলে ? এই শুল্ক আরোপ করা হলে যে অর্থনৈতিক ফলাফল পাওয়া যায় সেগুলি আলোচনা করুন। ২ + ৪

(ঘ) আন্তর্জাতিক বাণিজ্যে অংশগ্রহণকারী বিভিন্ন দেশ আন্তর্জাতিক বাণিজ্য থেকে কীভাবে লাভ পেতে পারে দেখান।

(ঙ) বাণিজ্য উদ্বৃত্ত এবং লেনদেন উদ্বৃত্তের সংজ্ঞা দিন। উভয়ের মধ্যে পার্থক্য নির্দেশ করুন। ২ + ৪

(চ) মুদ্রার অবমূল্যায়ন বলতে কী বোঝায় ? মুদ্রার অবমূল্যায়ন দ্বারা কি লেনদেন ভারসাম্যের ঘাটতি দূর করা যায় ? এই প্রসঙ্গে অবমূল্যায়নের অসুবিধাগুলি উল্লেখ করুন।

(ছ) বিশ্বব্যাঙ্ক স্বল্পোন্নত দেশগুলিকে কীভাবে সাহায্য করে থাকে সে বিষয়ে আলোচনা করুন।

(জ) স্বয়ংক্রিয় লেনদেন এবং সমন্বয়কারী লেনদেনের মধ্যে পার্থক্য নির্দেশ করুন এবং পার্থক্যের তাৎপর্য বিশ্লেষণ করুন। ৪ + ২